দৈনিক
ইনকিলাব

তারিখ 23 NOV 2006
পৃষ্ঠা ১২ কলাম ২

# সকল স্কুল-কলেজ-মাদ্রাসা থেকে চুক্তিভিত্তিক নিয়োগ বাতিল করুন

## -শিক্ষক-কর্মচারী ফ্রন্ট

স্টাফ রিপোর্টার

শিক্ষক-কর্মচারী ফ্রন্টের নেতৃবৃন্দ, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের অর্থ সরকারী কোষাগারে জমাদানের শর্ত প্রত্যাহার, ২০০৭-০৮ অর্থবছরের পরিবর্তে ২০০৬-০৭ অর্থবছরের জুলাই থেকে বকেয়াসহ ১০ ভাগ প্রদান, এমপিওবঞ্চিতদের এমপিও প্রদান, সকল বেসরকারী স্কুল-কলেজ-মাদ্রাসা পরিচালনা কমিটি থেকে চুক্তিভিত্তিক দলীয় লোকদের নিয়োগ ৫-এর পৃঃ ৩-এর কঃ দেখুন

## সকল স্কুল-কলেজ-মাদ্রাসা

১২-এর পৃষ্ঠার পর

বাতিলের দাবী জানিয়েছেন। গতকাল (বুধবার) হাইকোর্টের বটতলায় ফ্রন্ট আয়োজিত প্রতীক অনশন কর্মসূচীতে নেতৃবৃন্দ এ দাবী জানান। ফ্রন্টের প্রধান সমন্বয়কারী ও আহ্বায়ক প্রিন্সিপাল কাজী ফারুক আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রতীক অনশনে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন মোহাম্মদ আজিজুল ইসলাম, প্রিন্সিপাল মোঃ শাহজাহান, প্রফেসর আসাদুল হক, প্রিন্সিপাল এম এ রশিদ, প্রিন্সিপাল এম এ সাত্তার, প্রিন্সিপাল মোহাম্মদ আলী চৌধুরী, মাহবুব আলম তালুকদার, বিলকিস জামান, প্রফেসর ফিরোজা বেগম প্রমুখ। এছাড়া শিক্ষক-কর্মচারীদের দাবীর প্রতি একাত্মতা প্রকাশ করে বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাবেক সাধারণ সম্পাদক আ ম স আরেফিন সিদ্দিক ও বর্তমান সাধারণ সম্পাদক ড. আক্তারুজ্জামান। কর্মসূচীতে জানানো হয়, ১৪ দলীয় নেত্রী শেখ হাসিনা ২৭ নভেম্বর বঞ্চিত ও নির্যাতিত শিক্ষক-কর্মচারীদের জাতীয় কনভেনশনের উদ্বোধন করবেন। কনভেনশনের সাংগঠনিক অধিবেশন থেকে জোট সরকারের নির্যাতন-বঞ্চনার পুনরাবৃত্তি রোধে এবং দাবী আদায়ে নতুন কর্মসূচী ঘোষণা করা হবে।